[illegible] তথ্য ও পরিসংখ্যান [illegible]
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা কলাম

দৈনিক সংবাদ

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডঃ সাবেক ৫টি জেলা নিয়ে কাজ শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক) চট্টগ্রাম, ১৫ই জুলাই।– চট্টগ্রামে নতুন একটি শিক্ষা বোর্ড গঠন করা হয়েছে। বৃহত্তর চট্টগ্রামের পাঁচটি জেলা নবগঠিত চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতায় থাকবে যা ইতিপূর্বে কুমিল্লা বোর্ডের অধীনে ছিল।

গত ১লা জুলাই থেকে চট্টগ্রাম শিক্ষা বোর্ড তাদের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেছে। এর প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু হয় গত মে মাসে। জাতীয় শিক্ষা একাডেমি (নাইম) এর পরিচালক অধ্যাপক এ, কে, এম আহসানউল্লাহ গত ১৫ই মে বোর্ডের চেয়ারম্যান হিসেবে যোগদান করেছেন। উপ–সচিব, কলেজ পরিদর্শক ইত্যাদি পদেও কর্মকর্তারা যোগ দিয়েছেন। কুমিল্লা বোর্ড থেকে একজন সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকসহ ক'জন কর্মচারী তিনদিন আগে এখানে বদলি হয়ে এসেছেন। নতুন শিক্ষা বোর্ডের অধীনে পাঁচটি নতুন কলেজের অনুমোদন প্রক্রিয়া বর্তমানে চলছে বলে জানা গেছে।

বোর্ডের জন্য কোনরকম বাড়িঘর, আসবাবপত্র ইত্যাদির ব্যবস্থা না করার আগেই বোর্ডের কার্যক্রম শুরু হওয়ায় কর্মকর্তারা পড়েছেন বিপাকে। তারা বদলি হয়ে এখানে এসে যোগ দিলেও না পাচ্ছেন

চট্টগ্রাম : পৃঃ ৮ কঃ ১

## চট্টগ্রাম ঃ শিক্ষা বোর্ডের কাজ শুরু

( ১ম পৃষ্ঠার পর )

বসার ঘর, না পাচ্ছেন চেয়ার টেবিল। কিছুদিন মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের একটি কক্ষে কাজ চালানোর পর বর্তমান আমবাগান ফ্লোরা পাস রোডে একটি পরিত্যক্ত ভবন বোর্ডের জন্য বরাদ্দ দেয়া হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড কার্যক্রম শুরু করলেও আগামী '৯৬ সালের এস, এস, সি এবং এইচ, এস,সি পরীক্ষা এই বোর্ডের অধীনে হবে কিনা তা এখনও স্থির হয়নি।